"মুজিববর্ষে শপথ করি
যত্নশীল সমাজ গড়ি"



মুজিব শতবর্ষ MUJIB 100

# জাতির পিতার জন্মশতবার্ষিকী উপলক্ষে গৃহীত কর্মপরিকল্পনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## সমাজকল্যাণ মন্ত্রণালয়



হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী
জাতির পিতা
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকীতে
বিনম্র শ্রদ্ধা

সমাজকল্যাণ মন্ত্রণালয়

“মুজিববর্ষে শপথ করি, যত্নশীল সমাজ গড়ি”



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭২ সালে রচিত সংবিধানের ১৫(ঘ) অনুচ্ছেদে অসহায় মানুষের সামাজিক নিরাপত্তার অধিকার নিশ্চিত করেন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৪ সালে এদেশে সুদমুক্ত ক্ষুদ্রঋণ প্রবর্তন করেন



মৈত্রী শিল্পে বাস্তবায়নাধীন বঙ্গবন্ধু কর্ণার



সংসদীয় স্থায়ী কমিটি কর্তৃক সমাজসেবা অধিদপ্তরের বঙ্গবন্ধু কর্ণার উদ্বোধন

| ক্রম | গৃহীত কর্মপরিকল্পনা | সংক্ষিপ্ত বর্ণনা | বাস্তবায়নকাল |
|---|---|---|---|
| ০১ | সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/ সংস্থায় এবং সমাজসেবা অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন কার্যালয়ে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন | স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার লক্ষ্যে মুক্তিযুদ্ধের চেতনায় সকলকে উদ্বুদ্ধ করতে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থায় এবং সমাজসেবা অধিদপ্তরের আওতাধীন ১০৩২টি কার্যালয়ে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন করা হচ্ছে । | জুন, ২০২০ |

| ক্রম | গৃহীত কর্মপরিকল্পনা | সংক্ষিপ্ত বর্ণনা | বাস্তবায়নকাল |
|---|---|---|---|
| ০২ | জন্মশতবার্ষিকী উপলক্ষে বিশেষ মোনাজাতের আয়োজন | মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যালয়ে অবস্থিত মসজিদ ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠান এবং ক্যাপিটেশন গ্রান্টপ্রাপ্ত বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানে (৩৯২০টি) জাতির পিতার জন্মশতবার্ষিকী উপলক্ষে বিশেষ মোনাজাতের আয়োজন করা । | ১৭ মার্চ, ২০২০ |
| ০৩ | জন্মশতবার্ষিকী উপলক্ষে উন্নতমানের খাবার পরিবেশন | সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন শিশু পরিবার, শেখ রাসেল শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র, ছোটমনি নিবাস, সেইফহোম, দৃষ্টি প্রতিবন্ধী বিদ্যালয়সহ বিভিন্ন আবাসিক প্রতিষ্ঠানে উন্নতমানের খাবার পরিবেশন করা । | ১৭ মার্চ, ২০২০ |
| ০৪ | মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যালয় সজ্জিতকরণ | মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যালয়ে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা, আলোকসজ্জা করা, জাতির পিতার বিভিন্ন উদ্ধৃত্তি ও ছবি সম্বলিত ব্যানার, ড্রপডাউন ব্যানার, ফেস্টুন ইত্যাদি দ্বারা সজ্জিতকরণ। | ১৭ মার্চ ২০২০ হতে |
| ০৫ | মন্ত্রণালয় এবং আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থার কার্যালয়ে বিশেষ আলোচনা সভাসহ বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন | মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যালয়ে জাতির পিতার জন্মশতবার্ষিকী উপলক্ষে বিশেষ আলোচনা সভার অনুষ্ঠান, রচনা ও বিতর্ক প্রতিযোগিতাসহ বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা (জনসমাবেশ পরিহারপূর্বক)। | ১৭ মার্চ ২০২০ হতে |




বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনীর ব্রেইল বই

| ক্রম | গৃহীত কর্মপরিকল্পনা | সংক্ষিপ্ত বর্ণনা | বাস্তবায়নকাল |
|---|---|---|---|
| ০৬ | বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী এর ব্রেইলবুক প্রকাশনা | মুজিববর্ষ উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সম্পর্কে সম্যক জ্ঞান লাভ এবং তাঁর নীতি ও আদর্শকে ধারণ করে দৃষ্টি প্রতিবন্ধী ব্যক্তিদের বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার অংশীদার করতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর 'অসমাপ্ত আত্মজীবনী (ব্রেইলবুক)' প্রকাশের জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয় হতে উদ্যোগ গ্রহণ করা হয় । ব্রেইলবুক প্রকাশের জন্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্টের অনুমোদন গ্রহণ করা হয়েছে ।<br><br>বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী'র ১০০ সেট ব্রেইল বুক (১ সেট আত্মজীবনী ৬ খন্ড) মুদ্রণ সম্পন্ন হয়েছে।<br><br>মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ সম্মতি সাপেক্ষে ০২ এপ্রিল বিশ্ব অটিজম সচেতনতা দিবসে বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী'র ব্রেইলবুক এর মোড়ক উন্মোচন করা হবে । | জুন, ২০২০ |



মাননীয় প্রধানমন্ত্রীর কাছ থেকে পুরস্কার নিচ্ছেন একজন প্রতিবন্ধী বৈশিষ্ট্য সম্পন্ন ব্যাক্তি

| ক্রম | গৃহীত কর্মপরিকল্পনা | সংক্ষিপ্ত বর্ণনা | বাস্তবায়নকাল |
|---|---|---|---|
| ০৭ | বাংলাদেশের সকল প্রতিবন্ধীকে ভাতা ও শিক্ষা উপবৃত্তি প্রদান | মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের সকল প্রতিবন্ধীকে ভাতা প্রদান করার ঘোষণা দিয়েছেন। সেই নির্দেশনার আলোকে প্রতিবন্ধিতা সনাক্তকরণ জরিপ কার্যক্রম শুরু করা হয়েছে। ইতোমধ্যে সনাক্তকৃত ১৫.৪৫ লক্ষ (পনের লক্ষ পঁয়তাল্লিশ হাজার) জন প্রতিবন্ধীকে মাসিক ৭৫০ টাকা হারে চলতি ২০১৯-২০ অর্থবছরে ১৩৯০.৫০ কোটি টাকা ভাতা প্রদান করা হবে এবং সনাক্তকৃত ০১(এক) লক্ষ জন প্রতিবন্ধী শিক্ষার্থীকে ৯৫ কোটি ৬৪ লক্ষ টাকা শিক্ষা উপবৃত্তি প্রদান করা হবে।<br>প্রতিবন্ধিতা সনাক্তকরণ জরিপ অব্যহত থাকবে এবং সনাক্তকৃত সকল প্রতিবন্ধী ও প্রতিবন্ধী শিক্ষার্থীদের ভাতা/উপবৃত্তি প্রদান করা হবে। | জুন, ২০২০ |



চা শ্রমিকদের পরিবারের জন্য নির্মিত গৃহের নমুনা

| ক্রম | গৃহীত কর্মপরিকল্পনা | সংক্ষিপ্ত বর্ণনা | বাস্তবায়নকাল |
|---|---|---|---|
| ০৮ | চা শ্রমিকদের জীবনমান উন্নয়নে টেকসই গৃহনির্মাণ | "দেশের কেউ গৃহহীন থাকবেনা"-মাননীয় প্রধানমন্ত্রীর এ নির্দেশনার আলোকে দেশের পশ্চাৎপদ চা শ্রমিকদের টেকসই গৃহনির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে ।<br><br>মুজিববর্ষ উপলক্ষে ২০০ টি চা শ্রমিক পরিবারকে গৃহনির্মাণ করে দেওয়া হবে। চা শ্রমিক পরিবারের গৃহনির্মাণের জন্য ৮ কোটি টাকা আর্থিক বরাদ্দ রাখা হয়েছে । | জুন, ২০২০ |



প্রতিবন্ধী ব্যাক্তিদের সহায়ক উপকরণ - হুইল চেয়ার, হিয়ারিং এইড এবং সাদা ছড়ি

| ক্রম | গৃহীত কর্মপরিকল্পনা | সংক্ষিপ্ত বর্ণনা | বাস্তবায়নকাল |
|---|---|---|---|
| ০৯ | দরিদ্র প্রতিবন্ধীদের মাঝে সহায়ক উপকরণ (Assistive Device) বিতরণ | মুজিববর্ষ উপলক্ষে বাংলাদেশ জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন কর্তৃক ১০০ টি হুইল চেয়ার, ১০০টি হিয়ারিং এইড এবং ১০০টি সাদাছড়ি প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে বিনামূল্যে বিতরণ করা হবে । | ২৪ মার্চ, ২০২০ |



সমাজসেবা অধিদপ্তরের আওতাধীন ইআরসিপিএইচ-এ প্রতিবন্ধী ব্যাক্তিদের জন্য অনুষ্ঠিত জব ফেয়ারে জেলা প্রশাসক এর কাছ থেকে নিয়োগপত্র নিচ্ছেন একজন প্রতিবন্ধী ।

| ক্রম | গৃহীত কর্মপরিকল্পনা | সংক্ষিপ্ত বর্ণনা | বাস্তবায়নকাল |
|---|---|---|---|
| ১০ | প্রতিবন্ধিতা বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের জন্য কর্মসংস্থানের ব্যবস্থাকরণ | মুজিববর্ষ উপলক্ষে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থা কর্তৃক মোট ২০০ জন প্রতিবন্ধী ব্যক্তির কর্মসংস্থান নিশ্চিত করা হবে ।<br><br>মুজিববর্ষ উপলক্ষে শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট (মৈত্রী শিল্প) মোট ৩০০ জন প্রতিবন্ধীকে শিল্প বিষয়ক প্রশিক্ষণ প্রদান করবে এবং উক্ত ৩০০ জন প্রশিক্ষণার্থীর মধ্যে ১০০ জনের কর্মসংস্থান নিশ্চিত করবে।<br><br>সমাজসেবা অধিদপ্তরের আওতাধীন শারীরিক প্রতিবন্ধীদের বৃত্তিমূলক প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র (ইআরসিপিএইচ) মুজিববর্ষ উপলক্ষে ১০০ জন প্রতিবন্ধী ব্যক্তিকে কর্মসংস্থান প্রদান করবে। | জুন, ২০২০ |




জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এর
থেরাপি ভ্যানের মাধ্যমে প্রচারণামূলক কার্যক্রম

| ক্রম | গৃহীত কর্মপরিকল্পনা | সংক্ষিপ্ত বর্ণনা | বাস্তবায়নকাল |
|---|---|---|---|
| ১১ | বঙ্গবন্ধুর জীবনীর উপর প্রচারণামূলক কার্যক্রম | চলাচলে অক্ষম প্রতিবন্ধী ব্যক্তিদের থেরাপি সেবা প্রদানের জন্য ব্যবহৃত ৩২টি থেরাপি ভ্যানে সেবা প্রদানের পাশাপাশি ‘ভিডিও ক্লিপ’ এর মাধ্যমে বঙ্গবন্ধুর জীবনীর উপর প্রচারণামূলক কার্যক্রম গ্রহণ।<br><br>সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক বঙ্গবন্ধুর জীবনীর উপর ডকুমেন্টারি তৈরি এবং বিভিন্ন প্রকাশনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | ১৭ মার্চ, ২০২০ হতে |



প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের চিত্রাংকন প্রতিযোগিতা

| ক্রম | গৃহীত কর্মপরিকল্পনা | সংক্ষিপ্ত বর্ণনা | বাস্তবায়নকাল |
|---|---|---|---|
| ১২ | প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের মাঝে বঙ্গবন্ধু বিষয়ক রচনা এবং চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন | ৬২টি বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয় এবং ১১টি স্পেশাল স্কুল ফর চিলড্রেন উইথ অটিজম এর প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের মাঝে বঙ্গবন্ধু বিষয়ক রচনা এবং চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন। | ২৪ মার্চ, ২০২০ |




| ক্রম | গৃহীত কর্মপরিকল্পনা | সংক্ষিপ্ত বর্ণনা | বাস্তবায়নকাল |
|---|---|---|---|
| ১৩ | শেখ সায়েরা খাতুন-শেখ লুৎফর রহমান প্রবীণ চিকিৎসা সহায়তা কর্মসূচী চালুকরণ | ঢাকা বিভাগের টুঙ্গীপাড়া, রংপুর বিভাগের লালমনিরহাট সদর, কালিগঞ্জ, আদিতমারি, ময়মনসিংহ বিভাগের ময়মনসিংহ সদর, চট্টগ্রাম বিভাগের নোয়াখালী সদর এবং বরিশাল বিভাগের পটুয়াখালী সদরে উক্ত কর্মসূচীর আওতায় বিভিন্ন হাসপাতালের রোগীকল্যাণ সমিতির মাধ্যমে দুঃস্থ প্রবীণদের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে । | মার্চ, ২০২১ |



শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্প
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মুজিববর্ষ মেধাবৃত্তি সনদ ২০২০

নাম ঃ ........................................

পিতার নাম ঃ .................... মাতার নাম ঃ ....................

উপজেলা ঃ .................... জেলা ঃ .................... কে

তার মেধার স্বীকৃতি স্বরূপ মুজিববর্ষ মেধাবৃত্তি সনদ ২০২০ প্রদান করা হলো।

নির্বাহী পরিচালক
শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্প

সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান, শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্প

মুজিববর্ষ মেধাবৃত্তি সনদের নমুনা

| ক্রম | গৃহীত কর্মপরিকল্পনা | সংক্ষিপ্ত বর্ণনা | বাস্তবায়নকাল |
|---|---|---|---|
| ১৪ | ‘মুজিববর্ষ মেধাবৃত্তি’ প্রদান | প্রতিবন্ধী মেধাবী ছাত্র ও ছাত্রীদেরকে উৎসাহিত করতে প্রতি জেলা থেকে ০২ জন ছাত্র ও ০২ জন ছাত্রীকে শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট (মৈত্রী শিল্প) কর্তৃক ‘মুজিববর্ষ মেধাবৃত্তি’ প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে । | ১৭ মার্চ, ২০২০ |




মুজিববর্ষ প্রণোদনা পুরস্কারের নমুনা

| ক্রম | গৃহীত কর্মপরিকল্পনা | সংক্ষিপ্ত বর্ণনা | বাস্তবায়নকাল |
|---|---|---|---|
| ১৫ | মুজিববর্ষ প্রণোদনা পুরস্কার প্রবর্তন | মুজিববর্ষ উপলক্ষে শ্রমিকদের ভালো কাজের স্বীকৃতিস্বরুপ শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট (মৈত্রী শিল্প) কর্তৃক মুজিববর্ষ প্রণোদনা পুরস্কার প্রবর্তন। প্রণোদনা পুরস্কার হিসেবে সম্মাননা সনদ, ক্রেস্ট এবং নগদ অর্থ প্রদান করা হবে । | জুন, ২০২০ |


বয়স্কভাতা সহ বিভিন্ন ভাতা প্রাপ্ত ভাতাভোগীগণ

| ক্রম | গৃহীত কর্মপরিকল্পনা | সংক্ষিপ্ত বর্ণনা | বাস্তবায়নকাল |
|---|---|---|---|
| ১৬ | সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় বয়স্ক ভাতা এবং বিধবা/ স্বামী নিগৃহীতা মহিলা ভাতা সহ বিভিন্ন ভাতাভোগীর সংখ্যা বৃদ্ধিকরণ | মুজিববর্ষ উপলক্ষে বয়স্ক ভাতাভোগীর সংখ্যা ৪০ লক্ষ থেকে বৃদ্ধি করে ৪৪ লক্ষ করা হয়েছে। ৪৪ লক্ষ বয়স্ক ব্যক্তিকে মাসিক ৫০০ টাকা হারে চলতি ২০১৯-২০ অর্থবছরে মোট ২৬৪০ কোটি টাকা বয়স্ক ভাতা প্রদান করা হবে।<br>মুজিববর্ষ উপলক্ষে বিধবা/স্বামী নিগৃহীতা মহিলা ভাতাভোগীর সংখ্যা ১৪ লক্ষ থেকে বৃদ্ধি করে ১৭ লক্ষ করা হয়েছে । জনপ্রতি মাসিক ৫০০ টাকা হারে চলতি ২০১৯-২০ অর্থবছরে মোট ১০২০ কোটি টাকা বিধবা, স্বামী নিগৃহীতা মহিলা ভাতা প্রদান করা হবে। | জুন, ২০২০ |




ইলেক্ট্রনিক উপায়ে জিটুপি পদ্ধতিতে ভাতা প্রদানের উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী

| ক্রম | গৃহীত কর্মপরিকল্পনা | সংক্ষিপ্ত বর্ণনা | বাস্তবায়নকাল |
|---|---|---|---|
| ১৭ | ভাতার অর্থ সরাসরি ভাতাভোগীদের হাতের মুঠোয় পৌঁছে দিতে সকল ভাতাভোগীকে জি টু পি পদ্ধতিতে ভাতা প্রদান | ভাতার অর্থ সরাসরি ভাতাভোগীদের পৌঁছে দেয়ার লক্ষ্যে দেশের সকল ভাতাভোগীদের মাঝে ইলেক্ট্রনিক উপায়ে জি টু পি পদ্ধতিতে সরাসরি ভাতার অর্থ প্রদান করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে ।<br><br>ইতোমধ্যে ১৮টি জেলার ৫১টি উপজেলার ৪৪৫টি ইউনিয়নে বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা এবং অসচ্ছল প্রতিবন্ধী ভাতা কর্মসূচির ৬,৯৪,০০০ জন উপকারভোগীকে ইলেক্ট্রনিক উপায়ে জি টু পি পদ্ধতিতে সরাসরি ভাতার অর্থ প্রদান করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে । | ফেব্রুয়ারি, ২০২১ |


গরীব রোগীদের মধ্যে আর্থিক অনুদানের চেক বিতরণ

| ক্রম | গৃহীত কর্মপরিকল্পনা | সংক্ষিপ্ত বর্ণনা | বাস্তবায়নকাল |
|---|---|---|---|
| ১৮ | ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ এবং থ্যালাসেমিয়ায় আক্রান্ত গরীব রোগীদের জন্য মোট আর্থিক সহায়তার পরিমাণ / বরাদ্দ বৃদ্ধিকরণ | মুজিববর্ষ উপলক্ষে ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ এবং থ্যালাসেমিয়ায় আক্রান্ত গরীব রোগীদের জন্য আর্থিক সহায়তা/বরাদ্দের পরিমাণ পূর্বের ৭৫ কোটি টাকা থেকে বৃদ্ধি করে ১৫০ কোটি টাকায় উন্নীত করা হয়েছে ।<br><br>বরাদ্দকৃত অর্থে জনপ্রতি ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা হারে ১৫ হাজার জনকে ১৫০ কোটি টাকা আর্থিক সহায়তা প্রদান করা হবে (ইতোমধ্যে ৬০০ জন রোগীর চিকিৎসার্থে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে )। | জুন, ২০২০ |



ক্যাপিটেশন গ্রান্ট প্রাপ্ত মাদ্রাসায় ছাত্রদের কুরআন তেলাওয়াত

| ক্রম | গৃহীত কর্মপরিকল্পনা | সংক্ষিপ্ত বর্ণনা | বাস্তবায়নকাল |
|---|---|---|---|
| ১৯ | ক্যাপিটেশন গ্রান্ট এর বরাদ্দ বৃদ্ধিকরণ | মুজিববর্ষ উপলক্ষে বেসরকারি এতিমখানা ক্যাপিটেশন গ্রান্ট এর বরাদ্দের পরিমাণ পূর্বের ১০৫ কোটি টাকা থেকে বৃদ্ধি করে ২৩২ কোটি টাকা করা হয়েছে। উক্ত বরাদ্দকৃত টাকায় জনপ্রতি মাসিক ২০০০ টাকা হারে ৯৬,২৫০ জন এতিম ছাত্র/ছাত্রীদের ক্যাপিটেশন গ্রান্ট প্রদান করা হবে । | জুন, ২০২০ |



সুদমুক্ত ক্ষুদ্রঋণের উপকারভোগী

| ক্রম | গৃহীত কর্মপরিকল্পনা | সংক্ষিপ্ত বর্ণনা | বাস্তবায়নকাল |
|---|---|---|---|
| ২০ | সুদমুক্ত ক্ষুদ্রঋণ এর বরাদ্দ বৃদ্ধিকরণ | মুজিববর্ষ উপলক্ষে চলতি অর্থবছরে সুদমুক্ত ক্ষুদ্রঋণের বরাদ্দের পরিমাণ পূর্বের ৫৫ কোটি টাকা থেকে বৃদ্ধি করে ৫৮ কোটি টাকা করা হয়েছে। বরাদ্দকৃত অর্থে ২৬,৩৭৫ জনকে সুদমুক্ত ক্ষুদ্রঋণ প্রদান করা হবে। | জুন, ২০২০ |




পুরান ঢাকায় অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত রোগীদের মাঝে আর্থিক সহায়তা প্রদান করেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব নুরুজ্জামান আহমেদ, এম.পি

| ক্রম | গৃহীত কর্মপরিকল্পনা | সংক্ষিপ্ত বর্ণনা | বাস্তবায়নকাল |
|---|---|---|---|
| ২১ | দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসনে আর্থিক সহায়তা বৃদ্ধিকরণ | মুজিববর্ষ উপলক্ষে দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রমের আওতায় বরাদ্দের পরিমাণ বৃদ্ধি করে ১.৬৫ কোটি টাকা করা হয়েছে। | জুন, ২০২০ |



হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে প্রশিক্ষণ ও আর্থিক সহায়তা

| ক্রম | গৃহীত কর্মপরিকল্পনা | সংক্ষিপ্ত বর্ণনা | বাস্তবায়নকাল |
|---|---|---|---|
| ২২ | বেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে বরাদ্দ বৃদ্ধিকরণ | মুজিববর্ষ উপলক্ষে বেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে বরাদ্দের পরিমাণ ৫০ কোটি টাকা থেকে বৃদ্ধি করে ৬৬.৮১ কোটি টাকা করা হয়েছে। বরাদ্দকৃত অর্থে ৮১,৩২০ জনকে আর্থিক সহায়তা প্রদান করা হবে।<br>হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে সমগ্র বাংলাদেশে ৫,৫৬,০০,০০০/- (পাঁচ কোটি ছাপ্পান্ন লক্ষ) টাকা আর্থিক সহায়তা প্রদান করা হবে। | জুন, ২০২০ |



ক্ষুদ্র, জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের ছাত্র/ছাত্রী

| ক্রম | গৃহীত কর্মপরিকল্পনা | সংক্ষিপ্ত বর্ণনা | বাস্তবায়নকাল |
|---|---|---|---|
| ২৩ | ক্ষুদ্র, জাতিসত্তা, নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের জীবনমান উন্নয়নে বরাদ্দ বৃদ্ধিকরণ | মুজিববর্ষ উপলক্ষে ক্ষুদ্র, জাতিসত্তা/ নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের জীবনমান উন্নয়নে আর্থিক বরাদ্দ ০২ কোটি টাকা থেকে বৃদ্ধি করে ০২ কোটি ৫০ লক্ষ টাকা করা হয়েছে। বরাদ্দকৃত অর্থে ৫০০০ জনকে আর্থিক সহায়তা প্রদান করা হবে।<br><br>এছাড়াও ক্ষুদ্র, জাতিসত্তা, নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের ছাত্র/ছাত্রীদের মধ্যে ৫০০০ জন ছাত্র/ছাত্রীকে ০২ কোটি টাকা শিক্ষা সহায়তা প্রদান করা হবে। | জুন, ২০২০ |





মাননীয় মন্ত্রী মহোদয় রোগীকল্যাণ সমিতির মাধ্যমে অসহায়, দুস্থ রোগীদের মাঝে আর্থিক সহায়তা প্রদান করছেন

| ক্রম | গৃহীত কর্মপরিকল্পনা | সংক্ষিপ্ত বর্ণনা | বাস্তবায়নকাল |
|---|---|---|---|
| ২৪ | হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের আওতায় দুঃস্থ, অসহায় রোগীদের চিকিৎসা সহায়তার বরাদ্দ বৃদ্ধিকরণ | দেশের বিভিন্ন বিভাগীয় শহর, জেলা ও উপজেলায় অবস্থিত সরকারি/ বেসরকারি হাসপাতল সমূহে হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের আওতায় রোগীকল্যাণ সমিতির মাধ্যমে দুঃস্থ ও অসহায় রোগীদের চিকিৎসা সহায়তা প্রদান করার জন্য মুজিববর্ষ উপলক্ষে বরাদ্দের পরিমাণ ১২ কোটি ৫০ লক্ষ টাকা হতে বৃদ্ধি করে ১৪ কোটি টাকা করা হয়েছে। | জুন, ২০২০ |



অসুস্থ্য নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের চিকিৎসা অনুদান প্রদান করছেন মাননীয় মন্ত্রী

| ক্রম | গৃহীত কর্মপরিকল্পনা | সংক্ষিপ্ত বর্ণনা | বাস্তবায়নকাল |
|---|---|---|---|
| ২৫ | মুজিববর্ষ উপলক্ষ্যে অসুস্থ্য নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের জনপ্রতি চিকিৎসা অনুদানের পরিমাণ বৃদ্ধিকরণ | মুজিববর্ষ উপলক্ষ্যে অসুস্থ্য নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের জনপ্রতি চিকিৎসা অনুদানের পরিমাণ ৫,০০০/- টাকা হতে বৃদ্ধি করে ১০,০০০/- টাকায় উন্নীত করা হয়েছে । বরাদ্দকৃত অর্থে ২৫০০ জন নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধীকে চিকিৎসা অনুদান প্রদান করা হবে। | জুন, ২০২০ |




অতি উচ্চমাত্রার শ্রবণ প্রতিবন্ধীর অন্তঃকর্ণে কক্লিয়ার ইমপ্লান্ট করা হয়

| ক্রম | গৃহীত কর্মপরিকল্পনা | সংক্ষিপ্ত বর্ণনা | বাস্তবায়নকাল |
|---|---|---|---|
| ২৬ | কক্লিয়ার ইমপ্লান্ট কার্যক্রমের জন্য বরাদ্দ বৃদ্ধিকরণ | মুজিববর্ষ উপলক্ষে কক্লিয়ার ইমপ্লান্ট কার্যক্রমের আর্থিক বরাদ্দ পূর্বের ৩০ কোটি টাকা থেকে বৃদ্ধি করে ৩৫ কোটি টাকা করা হয়েছে। বরাদ্দকৃত অর্থে ৩৫০ জন অতি উচ্চমাত্রার শ্রবণ প্রতিবন্ধীর মাঝে বিনামুল্যে ব্যায়বহুল কক্লিয়ার ডিভাইস প্রদান করা হবে।<br><br>চারটি হাসপাতাল (বিএসএমএমইউ, সিএমএইচ, ন্যাশনাল ইন্সটিউট অব ইএনটি এবং ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল ) এর মাধ্যমে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অর্থায়নে কক্লিয়ার ইমপান্ট কার্যক্রম পরিচালিত হচ্ছে । | জুন, ২০২০ |



এনডিডি বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের সহায়ক উপকরণ

| ক্রম | গৃহীত কর্মপরিকল্পনা | সংক্ষিপ্ত বর্ণনা | বাস্তবায়নকাল |
|---|---|---|---|
| ২৭ | এনডিডি বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের বিনামূল্যে সহায়ক উপকরণ প্রদান | মুজিববর্ষ উপলক্ষে এই অর্থবছরে নিউরো ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট কর্তৃক ৩০০ জন এনডিডি বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের সহায়ক উপকরণ প্রদান করা হবে। | জুন, ২০২০ |




অটিজম স্ক্রিনিং মোবাইল এ্যাপ্স




| ক্রম | গৃহীত কর্মপরিকল্পনা | সংক্ষিপ্ত বর্ণনা | বাস্তবায়নকাল |
|---|---|---|---|
| ২৮ | অটিজম স্ক্রিনিং এ্যাপ্স প্রণয়নপূর্বক সর্বসাধারণের ব্যবহারের নিমিত্ত মোবাইল এ্যাপ্স চালুকরণ | এম চার্ট এর ভিত্তিতে ০৬ মাস বয়স হতে ১৮ মাস বয়সী শিশুদের অটিজমের মাত্রা নিরুপণ করা হবে। প্রাথমিক নিরুপণ কাজ যে কোন এনড্রয়েড বা ট্যাব হতে স্ক্রিনিং করা হবে; যাতে পরবর্তীতে অসুস্থতার লক্ষণ ও মাত্রা নিরুপণ করা যায় (Diagnosis and Assessment) করা যায় এবং উক্ত ধারাবাহিকতায় সহজভাবে তথ্যাদি পাওয়া যায়। | জুন, ২০২০ |



অমৌখিক যোগাযোগের জন্য 'বলতে চাই' মোবাইল এ্যাপ্স

| ক্রম | গৃহীত কর্মপরিকল্পনা | সংক্ষিপ্ত বর্ণনা | বাস্তবায়নকাল |
|---|---|---|---|
| ২৯ | অটিজম সনাক্তকরণ ও মাত্রা নিরুপনের নিমিত্ত মোবাইল এ্যাপ্স চালুকরণ এবং অমৌখিক যোগাযোগের জন্য 'বলতে চাই' মোবাইল এ্যাপ্স চালুকরণ | অটিজম মাত্রা নিরুপণ ও শনাক্তকরণের লক্ষ্যে এনডিডি সুরক্ষা ট্রাস্ট কর্তৃক বাংলা অটিজম এ্যাসেসমেন্ট টুলস্ এন্ড এ্যাপ্স প্রণয়ন করা হয়েছে। প্রয়াস ও অটিজম ওয়েলফেয়ার ফাউন্ডেশনে টুলস্টির ফিল্ড ট্রায়াল সম্পন্ন করা হয়।<br><br>'বলতে চাই' মোবাইল এ্যাপ্স-এটি একটি মোবাইল এ্যাপ্স ভিত্তিক অমৌখিক যোগাযোগ বা ভাষা বিনিময়ের মাধ্যম হিসেবে ব্যবহৃত হবে (For non-verbal persons with disabilities)। প্রাথমিক পর্যায়ে এটির ক্লিনিক্যাল ট্রায়াল হয়েছে। এটিকে ক্লাউড বেইজড করার জন্য এবং সহজ উপায়ে ভয়েসসহ বাংলা ভাষায় পূর্ণরুপ দান করার কাজ চলমান আছে। | জুন, ২০২০ |

“মুজিববর্ষে শপথ করি
যত্নশীল সমাজ গড়ি”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজকল্যাণ মন্ত্রণালয়